

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ

স্মারক নং ৩৭২৬(১০-৭)
/২০১৭ খ্রিঃ এসসি (এডি)

তারিখঃ ২৬/১১/২০১৭ খ্রিঃ


নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের তিন তলার ছাদের লিফটের রুমের পাশের রুমে (গোড়াউনে) রক্ষিত পুরাতন রদ্দি (Useless) কাগজ তথা পেপার বুক ও পুরাতন খবরের কাগজ (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়ের নিমিত্ত প্রকৃত কাগজ ব্যবসায়ী/ক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হইতে কোটেশন বিজ্ঞপ্তি আহবান করা যাইতেছে।

শর্তাবলী

- ১। প্রতি কেজি কাগজের ক্রয়মূল্য (রদ্দি কাগজ তথা পেপার বুক ও পুরাতন খবরের কাগজ) পৃথক পৃথক ভাবে উল্লেখপূর্বক আগামী ১৩/১২/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অত্র কোর্টের বিজ্ঞ অতিরিক্ত রেজিস্ট্রার মহোদয়ের অফিস চেম্বারে রক্ষিত টেন্ডার বাক্সে কোটেশন দাখিল করিতে হইবে এবং ঐদিন বেলা ১২:৩০ ঘটিকার সময় কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হইবে। এতদবিষয়ে বিস্তারিত তথ্যাদি জানার জন্য এবং রদ্দি কাগজ তথা পেপার বুক ও পুরাতন খবরের কাগজ সরেজমিনে দেখার জন্য অফিস চলাকালে কোর্ট অফিসার শাখায় যোগাযোগ করা যাইতে পারে।
- ২। দাখিলকৃত কোটেশনের সহিত নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার (ফেরত যোগ্য) পে-অর্ডার/আর্নেস্ট মানি (নগদ/চেক গ্রহণযোগ্য নয়) এবং হালনাগাদ ড্রেড লাইসেন্স ও ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত কাগজ পত্রাদির সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- ৩। নির্ধারিত তারিখ ও সময়ের পরে এবং অসম্পূর্ণ কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নহে। কর্তৃপক্ষ সর্বোচ্চ কোটেশন প্রস্তাব গ্রহণে বাধ্য নহে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আদেশক্রমে,


(জেমস্‌ রিচার্ড ক্রস)
ডেপুটি রেজিস্ট্রার

প্রচারের জন্য অনুলিপি :-

- ১। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ২। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৩। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
- ৪। নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। নোটিশ বোর্ড, বাংলাদেশ ল' কমিশন, ঢাকা।
- ৬। নোটিশ বোর্ড, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ঢাকা।
- ৭। বাংলাদেশ সুপ্রীম কোর্ট ওয়েব সাইট।